

2P/11843 dt 6.5.10
DND, MC/NRECA/PL
7/9/10
J+ BWH ns + ul

3782

পশ্চিমবঙ্গ সরকার
পঞ্চায়ত ও গ্রামোন্নয়ন বিভাগ
৬৩, নেতাজী সুভাষ রোড, জেশপ বিল্ডিং
কলকাতা - ৭০০০০১



নং : ১২৮৩/পি.এন./ও/এক/১৭-১/০৮ (অংশ-১)

আদেশনামা

যেহেতু পশ্চিমবঙ্গ পঞ্চায়ত আইন, ১৯৭৩ -এর ১৬ক ধারার (৬) উপধারার দফা গ-তে প্রতিষ্ঠিত হয়েছে যে গ্রাম উন্নয়ন সমিতি গঠনের লক্ষ্য হ'ল যে বিষয়টি যেভাবে পশ্চিমবঙ্গ পঞ্চায়ত (গ্রাম পঞ্চায়ত প্রশাসন) নিয়মাবলী, ২০০৪-এর ৭৪ নিয়মে বর্ণিত হয়েছে সেভাবেই গ্রাম উন্নয়নের সমিতির গঠন, রক্ষণাবেক্ষণ ও উপকারের সমানুপাতিক বটনের ক্ষেত্রে সাধারণ মানুষের সক্রিয় অংশ গ্রহন সুনিশ্চিত করা ;

এবং যেহেতু পশ্চিমবঙ্গ পঞ্চায়ত (গ্রাম পঞ্চায়ত প্রশাসন) নিয়মাবলীর ৭৪ নিয়মের (২ক) উপনিয়ম অনুযায়ী যেভাবে গ্রাম পঞ্চায়ত মনস্থ করবে সেভাবেই ঐ অঞ্চলে বসবাসকারীদের মধ্যে যাদের কাজের প্রয়োজন আছে তাদের পারিশ্রমিকের ভিত্তিতে কাজে নিয়োজিত করতে উপযুক্ত কাজ সনাক্ত করার কাজে গ্রাম উন্নয়ন সমিতি গ্রাম পঞ্চায়তকে সাহায্য করবে এবং গ্রাম পঞ্চায়ত কর্তৃক গৃহীত প্রকল্প সম্পাদনে গ্রাম পঞ্চায়তকে ও কর্মসূচিতে অন্যান্য এজেন্সীকে সহায়তা করবে ;

এবং যেহেতু বিভিন্ন পঞ্চায়ত সমিতি ও গ্রাম পঞ্চায়ত কর্তৃক প্রশ্ন করা হয়েছে যে জাতীয় গ্রামীন রোজগার সুনিশ্চিতকরণ প্রকল্পে গ্রাম উন্নয়ন সমিতির সচিব অথবা অন্যান্য সদস্যগণ তত্ত্বাবধায়ক রূপে নির্বাচিত হতে পারবেন কিনা অথবা গ্রাম পঞ্চায়ত কর্তৃক সূচনা করা টেন্ডার পদ্ধতিতে তাঁরা অংশ গ্রহণ করতে পারবেন কি না ;

এবং যেহেতু এই বিষয়ে একটি নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করা আবশ্যিক ;

অতএব, পশ্চিমবঙ্গ পঞ্চায়ত আইনের ২১২ ধারা কর্তৃক প্রদত্ত ক্ষমতা বলে রাজ্যপাল, সক্রিয় বিবেচনার পর, এতদ্বারা আদেশ প্রদান করছেন যে গ্রাম উন্নয়ন সমিতির কর্মসম্পাদনে স্বচ্ছতা এবং দায়বদ্ধতার স্বার্থে গ্রাম উন্নয়ন সমিতির কোন সদস্য বা তার আহ্বায়ক যতক্ষণ পর্যন্ত গ্রাম উন্নয়ন সমিতির সদস্য থাকবেন ততক্ষণ তাঁরা জাতীয় গ্রামীন রোজগার সুনিশ্চিতকরণ প্রকল্পে তত্ত্বাবধায়করূপে কাজ করতে বা গ্রাম পঞ্চায়তে কর্তৃক সূচনা করা কোনও টেন্ডার পদ্ধতিতে অংশ গ্রহণ করতে পারবেন না ।

রাজ্যপালের আদেশানুসারে,

স্বাঃ মানবেন্দ্র নাথ রায়
প্রধান সচিব,
পশ্চিমবঙ্গ সরকার

নং : ১২৮৩/১(৭)/পি.এন./ও/এক/১৭-১/০৮ (অংশ-১)

তার : ০৮/০৩/১০

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনের জন্য প্রতিলিপি প্রদত্ত হ'ল ।

- ১) কমিশনার, পঞ্চায়ত ও গ্রামোন্নয়ন, পশ্চিমবঙ্গ ।
 - ২) অধিকর্তা, পঞ্চায়ত ও গ্রামোন্নয়ন সংস্থা, কল্যানী, নদীয়া ।
 - ৩) অধিকর্তা, জনশিক্ষা প্রসার অধিকার, বিকাশ ভবন, লবন হুদ, কলকাতা-১ ।
 - ৪) জেলা শাসক ও নির্বাহী আধিকারিক, জেলা পরিষদ (সকল) ।
 - ৫) অতিরিক্ত নির্বাহী আধিকারিক, জেলা পরিষদ (সকল) ।
 - ৬) জেলা পঞ্চায়ত ও গ্রামোন্নয়ন আধিকারিক, জেলা ।
- তাঁর জেলায় সকল ব্লক/পঞ্চায়ত সমিতি ও গ্রাম পঞ্চায়তে আদেশের প্রতিলিপি বিতরণ করতে তাঁকে অনুপ্রোধ করা হ'ল ।
- ৭) বিভাগীয় ভারপ্রাপ্ত মন্ত্রী ও রপ্তমন্ত্রীর একান্ত সচিব ।

যুগ্ম সচিব,
পশ্চিমবঙ্গ সরকার